



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

তারিখঃ ২১ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি

২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) যথাযোগ্য মর্যাদায় পালন করেন। একুশের প্রথম প্রহরে ১৯৫২ এর মহান ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে রুয়েট কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন রুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম সেখ ও ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর ড. মোঃ সেলিম হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন পরিচালক ছাত্রকল্যাণ ও ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মোঃ রবিউল আওয়াল, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মোঃ ফারুক হোসেন ও সাধারণ সম্পাদক প্রফেসর ড. মিয়া মোঃ জগলুল সাদত, এমই অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মোশাররফ হোসেন, পুরকৌশল বিভাগের প্রফেসর ড. আব্দুল আলিম, সিএসই বিভাগের অধ্যাপক প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম মন্ডল, আইসিটি সেলের পরিচালক প্রফেসর ড. মোঃ আল মামুন, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের প্রশাসক ড. মোঃ আলী হোসেন, কেন্দ্রীয় ভান্ডারের প্রশাসক শ্যাম দত্ত, উপ-পরিচালক ছাত্রকল্যাণ মামুনুর রশীদ ও আবু সাঈদ, অফিসার সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী মুফতি মাহমুদ রনি, কর্মচারী সমিতির সভাপতি মহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, রুয়েট ছাত্রলীগের সভাপতি নাসিম রহমান নিবিড়, বিভাগীয় প্রধানবন্দ, পরিচালকবন্দ, শাখা প্রধানবন্দ, শিক্ষক-শিক্ষার্থীবন্দ। পরে শহীদদের সম্মানে এক মিনিট নীরবতা পালন করা হয় এবং সম্মিলিতভাবে জাতীয় সঙ্গীত গাওয়া হয়। এরপরই শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সমিতির নেতৃবন্দ এবং রুয়েট ছাত্রলীগ, বিভিন্ন হলের প্রভোস্ট, ইটিই বিভাগ, রুয়েটস্থ রাজশাহী শহর ছাত্র পরিষদসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

ভোরে প্রশাসনিক ভবনসহ সকল ভবনে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করা হয়। বাদ যোহর রুয়েট কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও মিলাদ অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক-

M. Rahman

(আ.ফ.ম. মাহমুদুর রহমান দীপন)

জুনিয়র সেকশন অফিসার

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৭-৩৫৭৪৩৬



